



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।



পত্র নং- এফইপিডি(এএন্ডএনএফবিপি)/১০১/২০২২-২৪২৫

তারিখ : ১৬ মে, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

প্রবাসী/অনিবাসী ব্যক্তির নামে পরিচালিত ফরেন কারেন্সি হিসাবের স্থিতি অবাধে বিদেশে স্থানান্তর প্রসঙ্গে।

শিরোনামে বিষয়ে মে ১০, ২০২২ তারিখের ডিসিপি(পিআর) ০৫/২০২২-১২৯ নম্বর সূত্রস্থ পত্রের মাধ্যমে জারিকৃত বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তির প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিদেশে বসবাসরত প্রবাসী/অনিবাসী ব্যক্তি কর্তৃক এদেশে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় পরিচালিত প্রাইভেট ফরেন কারেন্সি হিসাব কিংবা নন-রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবের স্থিতি হতে নগদ নোট আকারে ফরেন কারেন্সি সংগে করে নিয়ে যাওয়া এবং ব্যাংকিং চ্যানেলে অবাধে বিদেশে প্রেরণ করার প্রাধিকারের বিষয়ে সর্বসাধারণের জ্ঞাতার্থে উক্ত প্রেস বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনীয় : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩



## বাংলাদেশ ব্যাংক

### প্রবাসী/অনিবাসী ব্যক্তির নামে পরিচালিত ফরেন কারেন্সি হিসাবের স্থিতি অবাধে বিদেশে স্থানান্তর প্রসঙ্গে

বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় বিদেশে বসবাসরত প্রবাসী/অনিবাসী ব্যক্তি এদেশে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় প্রাইভেট ফরেন কারেন্সি হিসাব কিংবা নন-রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব পরিচালনা করতে পারেন। বিদেশ থেকে প্রেরিত ফরেন কারেন্সি কিংবা বিদেশ থেকে বাংলাদেশে আগমনকালে সংগে নিয়ে আসা ফরেন কারেন্সি এ সকল হিসাবে জমা রাখা যায়। বিদেশ থেকে আগত যাত্রী যে কোনো পরিমাণ ফরেন কারেন্সি বাংলাদেশে আনতে পারেন। সঙ্গে নিয়ে আসা ফরেন কারেন্সির পরিমাণ অনধিক দশ হাজার মার্কিন ডলার বা সমতুল্য অন্য কারেন্সি হলে শুদ্ধ কর্তৃপক্ষের নিকট ঘোষণা প্রদানের প্রয়োজন নেই।

স্থানীয়ভাবে পরিচালিত এ সকল ফরেন কারেন্সি হিসাবের স্থিতি অবাধে টাকায় নগদায়ন করা যায়। বিদেশ থেকে আগত প্রবাসী/অনিবাসী ব্যক্তি বাংলাদেশ ত্যাগকালে তার হিসাবের স্থিতি হতে অনধিক পাঁচ হাজার ইউএস ডলার নোট আকারে এবং হিসাবের স্থিতি থাকা সাপেক্ষে প্রয়োজন অনুযায়ী অন্য ফরেন কারেন্সি সঙ্গে নিয়ে যেতে পারেন।

প্রবাসী/অনিবাসী ব্যক্তির নামে পরিচালিত এ সকল ফরেন কারেন্সি হিসাবের স্থিতি মুনাফা/সুদসহ অবাধে ব্যাংকিং চ্যানেলে বিদেশে প্রেরণ করা যায়। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কোনোরূপ অনুমোদনের প্রয়োজন নেই।

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা  
কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।